# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিপ-৬/৭৭৩৭/২৫৯

তারিখ: ১৩-০৮-২০২৬ খ্রি.

**বিষয়: কুষ্টিয়া জেলার সদর উপজেলাধীন মীর আবু আব্দুল্লাহ মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়-এর বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ ফজলুল হক-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।**

সূত্র: (১) মহামান্য হাইকোর্টের ১৫-০৬-২০২৬ খ্রি. তারিখের ৯৬২/২০২০ নং রীট পিটিশনের আদেশ।
(২) জনাব মোঃ ফজলুল হক-এর ২৪-০৬-২০২৬ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার সদর উপজেলাধীন মীর আবু আব্দুল্লাহ মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ ফজলুল হক-কে আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭৫তম সভার সিদ্ধান্ত মোতাবেক ১৪-০১-২০২০ খ্রি. তারিখের পত্রে চূড়ান্ত বরখাস্তের অনুমোদন প্রদান করা হয়। প্রধান শিক্ষক জনাব মোঃ ফজলুল হক মহামান্য হাইকোর্টে ৯৬২/২০২০ রীট পিটিশন দায়ের করেন। মহামান্য হাইকোর্ট গত ১৫-০৬-২০২৬ খ্রি. তারিখের আদেশে ৩০ দিনের মধ্যে নিষ্পত্তির জন্য আদেশ প্রদান করেন। জনাব মোঃ ফজলুল হক গত ২৪-০৬-২০২৬ খ্রি. তারিখে মহামান্য আদালতের আদেশ মোতাবেক আপিল এন্ড আর্বিট্রেশন কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্ত পত্রটি প্রত্যাহারসহ স্বপদে পুনর্বহালের জন্য যশোর শিক্ষা বোর্ডে আবেদন দাখিল করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে ও মহামান্য আদালতের ৯৬২/২০২০ নং রীট পিটিশন আদেশ মোতাবেক প্রধান শিক্ষক জনাব মোঃ ফজলুল হক-এর চূড়ান্ত বরখাস্তাদেশ প্রত্যাহারপূর্বক স্বপদে পুনর্বহাল করে সাময়িক বরখাস্তকালীন সময়ের সমুদয় বেতন-ভাতা প্রদানের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
স্বাক্ষরিত
(মুঃ এনামুল কবীর)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর: ০২৪৭৭৭৬২৭০৫

সভাপতি
মীর আবু আব্দুল্লাহ মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয় (১১৭৭৩৭)
বটতৈল, বিসিক, কুষ্টিয়া।

স্মারক নম্বর-বিপ-৬/৭৭৩৭/২৫৯

তারিখ: ১৩-০৮-২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ০১ নং সোনারগাঁও রোড, (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৫। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৬। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কুষ্টিয়া।
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কুষ্টিয়া।
৯। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), মীর আবু আব্দুল্লাহ মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়, বটতৈল, বিসিক, কুষ্টিয়া।
১০। জনাব মোঃ ফজলুল হক, (বরখাস্তকৃত) প্রধান শিক্ষক, মীর আবু আব্দুল্লাহ মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়, বটতৈল, বিসিক, কুষ্টিয়া।
১১। সংরক্ষণ নথি।

14.8.21

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর